

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯৭৩

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ কোন ব্যক্তির এই রকম দু'আ করার ব্যাপারে হুশিয়ারী যে সে বলবে "হে আমার প্রভু, আপনি আমাকে ক্ষমা করে দিন, যদি আপনি চান

ذِكْرُ الزَّجْرِ عَنْ أَنْ يَقُولَ الْمَرْءُ فِي دُعَائِهِ رَبِّ اغْفِرْ لِي إِنْ شِئْتَ

আরবী

973 _ أَخْبَرَنَا إِبْرَاهِيمُ بْنُ إِسْحَاقَ الْأَنْمَاطِيُّ قَالَ: حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: حَدَّثَنَا اللَّهُ ابْنُ مِهْدِي عَنْ سُفْيَانَ عَنْ أَبِي الزِّنَادِ عَنِ الْأَعْرَجِ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَنْ الْبِي عَنْ سُفْيَانَ عَنْ أَبِي الزِّنَادِ عَنِ الْأَعْرَجِ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (لَا يَقُلْ أَحَدُكُمُ: اللَّهُمَّ اغْفِرْ لِي إِنْ شِئْتَ فَإِنَّهُ لَا مُسْتَكْرِهَ له ولكن ليعزم المسألة)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 973 | خلاصة حكم المحدث:. صحيح.

বাংলা

৯৭৩. আবৃ হুরাইরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "তোমাদের কেউ বলবে না اللَّهُمَّ اغْفِرْ لِي إِنْ شِئْتَ (হে আল্লাহ, যদি আপনি চান, তবে আমাকে ক্ষমা করুন।) কেননা আল্লাহকে বাধ্যকারী কেউ নেই, তবে সে যেন চাওয়ার ক্ষেত্রে দৃঢ়তা অবলম্বন করে।)[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/২৪৩; মুয়াত্তা ইমাম মালিক: ১/২১৩; সহীহ বুখারী: ৬৩৩৯; তিরমিযী: ৩৪৯৭; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/১৯৯; ইবনু মাজাহ: ৩৮৫৪; বাগাবী, শারহুস সুন্নাহ: ১৩৯১; সহীহ মুসলিম: ২৬৭৮।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১৩৩৩।)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন